

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.shed.gov.bd

৩৭.০০.০০০০.০৮৩.১১.০০৪.১৫-৪৩৭

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৫
১১ অক্টোবর ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৫/০১/২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়). ১১.২২১৯.১৭-০৬ সংখ্যক পত্রের সুপারিশ, সন্তোষজনক পুলিশী প্রতিবেদন এবং স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন এর আলোকে জাতীয় বেতনস্কেল ২০১৫ এ ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) বেতনক্রমে এবং প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে নিম্নোক্ত প্রার্থীকে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে পদায়ন করা হলো:

ক্রমিক নং	জৈষ্ঠ্যক্রম	রেজিঃ নং	প্রার্থীর নাম, পিতা/স্বামী, মাতার নাম ও স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১	১৩৪	০১৮৭১	আব্দুল আলিম পিতা: কাজী মজিবুর রহমান মাতা: রোকেয়া বেগম গ্রাম: কৈল, ডাকঘর: বাচামারা থানা: দৌলতপুর, জেলা: মানিকগঞ্জ।	গাংনী, মেহেরপুর

০২। **শর্তাবলী:**

- নিজে বা পরিবারের অন্য সদস্যের জন্য তিনি কোন যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না মর্মে যোগদান পত্রের সাথে ঘোষণা দিতে হবে;
- তিনি বিদেশী কোন নাগরিককে বিয়ে করে থাকলে অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- তিনি কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) গ্রহণ করতে হবে;
- তঁার যোগদান তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিস হিসেবে গণ্য করা হবে। শিক্ষানবিস কাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হলে তঁাকে চাকরিতে স্থায়ী করা হবে এবং শিক্ষানবিস কালে তঁার কাজকর্ম ও আচরণ সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরিচ্যুত (Terminate) করা হবে; ও
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তঁার চাকরি সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং এ চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

০৩। উপরোল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৫ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ/২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ তারিখের মধ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট জোনের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী বরাবরে যোগদানপূর্বক পদায়নকৃত কর্মস্থলে রিপোর্ট করতে হবে অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সৈয়দা নওয়ারা জাহান)
উপসচিব (উন্নয়ন-৩)

ই-মেইল: ds_dev3@moedu.gov.bd

ফোন: ৯৫৬১৪৪১।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা সার্কেল।
১০. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কুষ্টিয়া জোন।
১১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাংনী উপজেলা।
১২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মেহেরপুর।
১৩. জনাব -----।
১৪. অফিস কপি।


(সৈয়দা নওয়া জাহান)
উপসচিব (উন্নয়ন-৩)